

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়
কেশবপুর, যশোর।

উপজেলা যুব ও ক্রীড়া উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির অনুষ্ঠিত মাসিক সভার কার্য বিবরণীঃ (জুলাই/২০২১খ্রিঃ)

সভাপতিঃ জনাব পলাশ কুমার মল্লিক
ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ও
সভাপতি

উপজেলা যুব ও ক্রীড়া উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি
কেশবপুর, যশোর।

স্থানঃ উপজেলা উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়, কেশবপুর, যশোর।

তারিখঃ ০১/০৭/২০২১ খ্রিঃ রোজ বৃহস্পতিবার,

সময়ঃ সকাল ১০.০০ ঘটিকা।

অদ্য ০১/০৭/২০২১ খ্রিঃ রোজ বৃহস্পতিবার সকাল ১০.০০ ঘটিকায় উপজেলা যুব ও ক্রীড়া উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির জুলাই/২০২১খ্রিঃ মাসের ৩৬তম মাসিক সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সভাপতিত্ব করেন উপজেলা যুব ও ক্রীড়া উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি ও উপজেলা ভাইস চেয়ারম্যান জনাব পলাশ কুমার মল্লিক। সভার শুরুতেই তিনি উপস্থিত সকল সদস্যগণকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার শুরুতেই উপস্থিত সকল সদস্যগণের স্বাক্ষর গ্রহন করা হয়।

অতঃপর তিনি উপস্থিত সকল সদস্যবৃন্দকে বিভিন্ন বিষয়ে আলোচনার জন্য আহবান জানান। এর ফলে কমিটির সদস্য সচিব উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, তার দপ্তরের প্রধান কর্মসূচী হচ্ছে অত্র উপজেলায় স্থায়ীভাবে বসবাসরত ১৮-৩৫ বছর বয়সের যুব/যুব মহিলাদের তাদের স্থানীয় চাহিদার ভিত্তিতে বিভিন্ন বিষয়ে যুব প্রশিক্ষণ প্রদান, তাদের কে সফল আত্মকর্মী হিসেবে প্রতিষ্ঠিত করতে উদ্বুদ্ধকরণ, তাদের প্রশিক্ষণলব্ধ জ্ঞানকে কাজে লাগিয়ে প্রকল্পের উন্নয়নের জন্য সরকার কর্তৃক নির্ধারিত সার্ভিসচার্জে যুবঋণ প্রদান, বিভিন্ন যুব সংগঠনকে অত্র দপ্তরের তালিকাভুক্তি করণ ও অনুদান প্রদান সহ সফল আত্মকর্মী যুবদের যুব পুরস্কার প্রদান ইত্যাদি অন্যতম কাজ। তিনি সভাকে অবহিত করেন যে, তার কার্যালয়ের যুব ঋণ প্রদানের বার্ষিক লক্ষ্যমাত্রা = ৪৯,৩০,০০০/= টাকা যা ঋণ আকারে বিতরণ করতে হবে ১২০ জন যুব ও যুব মহিলার মধ্যে। এ পর্যন্ত ৬১৯ জন যুব/যুব মহিলাকে প্রাতিষ্ঠানিক যুব ঋণ প্রদান করা হয়েছে মোট= ২,২৮,৪৫,০০০/= টাকা ও ১৬০৭ জন যুব/যুব মহিলাকে অ-প্রাতিষ্ঠানিক যুব ঋণ প্রদান করা হয়েছে মোট= ৫,৯১,৬৯,০০০/= টাকা এবং ঋণের ক্রমপূঞ্জিত আদায়ের হার ৯৮.০০%। কমিটির উপস্থিত সদস্যবৃন্দ ইহাতে সন্তোষ প্রকাশ করেন। তিনি আরও জানান কভিড-১৯ পরবর্তীতে কিছু কিছু চলমান/খেলাপী ঋণ গ্রহীতা যুব ঋণের টাকা ঠিকমত পরিশোধ করছেন না। ফলে যুব ঋণ বিতরণ ও আদায়ে সমস্যার সম্মুখীন হতে হচ্ছে। ফলে এদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহনের প্রয়োজন। বর্তমানে অফিসের কিস্তি খেলাপী ও ঋণ খেলাপী মিলিয়ে মোট= ৮,৬৫,৮০০/- টাকা অনাদায়ী রয়েছে। প্রশিক্ষণ সংক্রান্ত আলোচনায় সদস্য সচিব জানান যে, চলতি অর্থবছরের লক্ষ্যমাত্রা ৪২০ জন ক্রমপূঞ্জিত প্রশিক্ষণ প্রাপ্ত যুব ৪৮৪৪ জন ও ক্রমপূঞ্জিত প্রশিক্ষণ প্রাপ্ত যুব নারী ১৫১২ জন সহ সর্বমোট= ৬৩৫৬ জন। এর মধ্যে আত্মকর্ম গ্রহন করেছে ৪৫০২ জন।

সভাপতি মহোদয় জানান যে, প্রধান কার্যালয়ের লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রশিক্ষণের লক্ষ্যমাত্রা পূরণ করতে হবে। চলতি অর্থবছরের লক্ষ্যমাত্রা অর্জনে কার্যালয়ের সহঃ উপঃ উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাদের আরও তৎপর হওয়ার পরামর্শ প্রদান করেন।

সভাপতি যুব উন্নয়ন অফিসের সার্বিক কার্যক্রমের উপর সন্তোষ প্রকাশ করেন এবং সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রমের সমাপ্তি ঘোষণা করেন।


(পলাশ কুমার মল্লিক)

ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ

ও

সভাপতি

উপজেলা যুব ও ক্রীড়া উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি

কেশবপুর, যশোর।